সমকাল

তারিখ ... 12 JUL 2017 ...
পৃ: ... কলাম ...

# সব শিক্ষা প্রতিষ্ঠানে মানচিত্র রাখা হোক

আমাদের দেশে শিক্ষা প্রতিষ্ঠানগুলোর প্রতিটি ক্লাসে ব্ল্যাকবোর্ডের পাশে দেশ এবং পুরো বিশ্বের মানচিত্র রাখা হয় না। আমরা চাই শিক্ষা প্রতিষ্ঠানের সব ক্লাসে ব্ল্যাকবোর্ডের পাশে বাংলাদেশের মানচিত্রসহ পৃথিবীর পুরো মানচিত্র রাখা হোক। বিশ্বের অনেক দেশে ক্লাসে ব্ল্যাকবোর্ডের পাশে মানচিত্র টাঙানো থাকতে দেখা যায়। কিন্তু আমাদের দেশে আজও কোথাও কোনো শিক্ষা প্রতিষ্ঠানের ব্ল্যাকবোর্ডের পাশে মানচিত্রের দেখা পাওয়া যায় না।

মানচিত্র রাখার ফলে সব ক্লাসের ছাত্রছাত্রীদের অনেক উপকার হবে। যেমন মানচিত্র রাখা হলে ছাত্রছাত্রীরা প্রতিদিন ক্লাসে উপস্থিত হলে এটি তাদের নজরে আসবে। প্রতিদিন মানচিত্র চোখে পড়লে এটি থেকে ছাত্রছাত্রীরা অনেক কিছু জানতে পারবে। তা ছাড়া আমাদের দেশের প্রায় সব শিক্ষা প্রতিষ্ঠানেই ভূগোল, বিজ্ঞান ইত্যাদি বিষয় রয়েছে। এসব বিষয় জানার জন্যও মানচিত্র রাখা একান্ত জরুরি। এসব বিষয়ের ক্লাসে মানচিত্র দেখিয়ে গুরুত্বপূর্ণ বিষয়াদি শিক্ষকরা ছাত্রছাত্রীদের কাছে সহজেই উপস্থাপন করতে পারবেন। অনেকে বলতে পারেন এখন ইন্টারনেটের যুগ, যেসব ছাত্রছাত্রী

এসব বিষয়ে জানতে আগ্রহী তারা ইন্টারনেটে গুগলে প্রবেশ করে জেনে নিলেই তো হয় ইত্যাদি ইত্যাদি। আসলে বিষয়টি তা নয়। কেননা যারা এখনও প্রাইমারি লেভেলের ছাত্রছাত্রী, তারা তো ইন্টারনেট চালিয়ে এসব বিষয় দেখার উপযোগী নয়। তাই অন্তত প্রাইমারি লেভেলের ছাত্রছাত্রীদের জন্য হলেও এ বিষয়টি বেশ গুরুত্বপূর্ণ। তাই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হলে ছাত্রছাত্রীরা উপকৃত হবে।

**ইয়াছিন খন্দকার লোভা**
উত্তর জয়লস্কর, দাগনভূঁঞা, ফেনী